# নিয়োগ বিজ্ঞপ্তি

ক্ষুদ্র অর্থায়ন কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে দেশের পিছিয়ে পড়া জনগণের উন্নয়নে, আন্তরিকতা ও নিষ্ঠার সাথে ভূমিকা রাখতে হলে **বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)** টিম এ যোগদান করুন। বিজ ১৯৭৫ সালে প্রতিষ্ঠিত জাতীয় পর্যায়ের একটি বেসরকারি, অরাজনৈতিক ও অলাভজনক সংস্থা। সংস্থাটি বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের আওতাধীন Microcredit Regulatory Authority **(MRA)** কর্তৃক সনদপ্রাপ্ত; সনদ নং ০০৫৭২-০২৫১৭-০০২৬৩। দেশের উন্নয়নে অবদান রাখতে দীর্ঘদিন যাবৎ বিভিন্ন দাতা সংস্থার আর্থিক সহযোগিতায় ক্ষুদ্র অর্থায়ন, কৃষি, স্বাস্থ্য, শিক্ষা, সামাজিক নিরাপত্তা সহ বিভিন্ন উন্নয়ন মূলক কর্মকাণ্ড সফলতার সঙ্গে বাস্তবায়ন করে আসছে। সংস্থা দেশের সকল বিভাগে যেমন: **ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর, ও ময়মনসিংহ** বিভাগ সমূহে সফলতার সঙ্গে কার্যক্রম পরিচালনা করে চলেছে। বিজ-এর ক্ষুদ্র অর্থায়ন কার্যক্রমে নিম্নোক্ত পদ সমূহে জরুরিভাবে জনবল নিয়োগ করা হবে।

## মাঠ কর্মকর্তা: গ্রেড-১ (৬০০ জন)

**শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:** ন্যূনতম স্নাতক পাশ। ক্ষুদ্র অর্থায়নে অভিজ্ঞতা থাকা ভালো। ৩১-০৭-২০২৫ তারিখে বয়স ২২ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে।
বেতন ভাতা ও প্রারম্ভিক সুবিধা সমূহ: বাড়ি-ভাড়া, চিকিৎসা-ভাতা এবং অন্যান্য ভাতাসহ এ পদের জন্য মাসিক মোট বেতন ভাতা স্থায়ীকরণের পর স্থান ভেদে প্রায় ৩৬,০০০/- টাকা হতে ৪২,০০০/- টাকা।

## মাঠ কর্মকর্তা: গ্রেড-২ (২০০ জন)

**শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:** ন্যূনতম এইচএসসি পাশ। ক্ষুদ্র অর্থায়নে অভিজ্ঞতা থাকা ভালো। ৩১-০৭-২০২৫ তারিখে বয়স ২০ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে।
**বেতন ভাতা ও প্রারম্ভিক সুবিধা সমূহ:** বাড়ি-ভাড়া, চিকিৎসা-ভাতা এবং অন্যান্য ভাতাসহ এ পদের জন্য মাসিক মোট বেতন স্থায়ী করণের পর স্থান ভেদে প্রায় ৩৪,০০০/- টাকা হতে ৪০,০০০ টাকা।

## উভয় পদে সংক্ষিপ্ত দায়িত্বাবলি:

বিজ-এর কর্ম এলাকায় সমাজের পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে নিয়ে সমিতি অফিস গঠন, সমিতি অফিস পরিচালনা, আমানত সংগ্রহ, ঋণ বিতরণ ও ঋণ আদায় সহ সমিতি অফিসের সম্মানিত সদস্যদের উন্নয়নমূলক কার্যক্রম যেমন কৃষি, স্বাস্থ্য, শিক্ষা, সামাজিক নিরাপত্তা কার্যক্রম পরিচালনায় আগ্রহী হতে হবে।

## জামানত হিসাবে:

**মাঠ কর্মকর্তা গ্রেড-১** যোগদানের সময় জামানত হিসাবে ২৫,০০০/-টাকা জমা দিতে হবে।
**মাঠ কর্মকর্তা গ্রেড-২** যোগদানের সময় জামানত হিসাবে ২৪,০০০/-টাকা জমা দিতে হবে।
চাকুরি হতে অবসর/ অব্যাহতি নিলে জামানতের জমাকৃত অর্থ ফেরত যোগ্য।

## সুযোগ-সুবিধা সমূহ:

উভয় পদে যোগদানের পর প্রথম ১ মাস প্রাক নিয়োগ দক্ষতা যাচাই/প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে। এ সময়ে ৯০০০/- হতে ৯৫০০/- টাকা সম্মানী ভাতা প্রদান করা হবে। ১ মাস পর সন্তোষ জনক মূল্যায়নের ভিত্তিতে শিক্ষানবিশ কর্মকর্তা হিসেবে নিয়োগ প্রদান করা হবে। শিক্ষানবিশ কাল ৩ মাস। এ সময়ে সর্বসাকুল্যে শিক্ষানবিশ ভাতা মাঠ কর্মকর্তা-১ পদে মাসিক ২১,০০০/- টাকা ও মাঠ কর্মকর্তা গ্রেড-২ পদে ২০,০০০/- টাকা প্রদান করা হবে। সফলভাবে ৩ মাস শিক্ষানবিশকাল সম্পন্ন হলে বিজ-এ স্থায়ী করণ করা হবে এবং স্থান ভেদে উল্লেখ্য মোট বেতন-ভাতাদি প্রাপ্য হবেন। সংস্থার চাকুরি নীতিমালা অনুযায়ী নিয়োগপ্রাপ্ত স্টাফ প্রতি বছরে বেতন এর অতিরিক্ত দুইটি উৎসব বোনাস (প্রতিটি মূল বেতন এর সমপরিমান), বৈশাখি ভাতা, কন্ট্রিবিউটরী প্রভিডেন্ট ফান্ড (১০%নিজ এবং ১০% সংস্থার অর্থাৎ প্রতি কর্মকর্তাকে মোট মূল বেতনের ২০%), বছরে ২টি গ্র্যাচ্যুইটি (প্রতিটি মূল বেতনের সমপরিমান), পারফরমেন্স ইনসেনটিভ, দূরত্ব ভাতা, মটর সাইকেল ভাতা, বার্ষিক বেতন বৃদ্ধি, মোবাইল ফোন ভাতা, PRL-(প্রায় সরকারি চাকুরির পেনশন সুবিধার এর মতো সুবিধা, ২৫/৩০ বছর চাকুরি পূর্ণ হলে যথাক্রমে ১০/১২ মাসের পূর্ণ বেতন ভাতা), বিএসএসপি (বিজ স্টাফ সুরক্ষা প্রোগ্রাম),স্টাফ কল্যাণ ভাতা, গ্রুপ বীমার সুবিধা পাবেন। এ ছাড়াও বিনা খরচে একক আবাসনের ব্যবস্থাসহ সকাল বেলার নাস্তা প্রদান করা হবে। প্রতি বছর জুলাই মাসে বিগত ১২ মাসের কর্ম মূল্যায়ন সাপেক্ষে মূল বেতনের ০৫% বৃদ্ধি প্রাপ্ত হবে।

## আবেদন প্রক্রিয়া:

আগ্রহী প্রার্থীদের উল্লেখিত পদে নিয়োগের জন্য স্বহস্তে লিখিত আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। **আবেদন করতে হবে " উপ-সহকারী পরিচালক,(মানবসম্পদ ব্যবস্থাপনা বিভাগ), বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ), প্রধান কার্যালয়, বাড়ি নং-৮/বি, রোড নং-২৯, গুলশান-১, ঢাকা-১২১২।"** আবেদনে নিজ নাম, পিতা/স্বামীর নাম, স্থায়ী ও পত্র যোগাযোগের ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, এনআইডি/স্মার্ট কার্ড/জন্ম নিবন্ধন নং, রক্তের গ্রুপ ইত্যাদি উল্লেখ করতে হবে। আবেদনে সংযুক্ত করতে হবে: আবেদনকারীর রঙিন ছবি ২কপি ,শিক্ষাগত যোগ্যতার সনদ এর ফটোকপি, প্রশিক্ষণ থাকলে তার সনদ, এনআইডি/ জন্ম নিবন্ধন সনদ, অভিজ্ঞতা সনদ,,নমিনির নাম, বয়স, সম্পর্ক । **আবেদন খামের উপর আবেদনকৃত পদের নাম এবং যে বিভাগে নিয়োগ প্রাপ্ত হতে চান তা উল্লেখ করতে হবে। আগ্রহী মহিলা প্রার্থীগণ কে আবেদনে উৎসাহিত করা হচ্ছে। জমাদানের শেষ তারিখ ০৭-০৮-২০২৫**

## পরীক্ষার স্থান ও পরীক্ষার ফি:

নির্বাচনী পরীক্ষা বিভাগীয় পর্যায়ে বিজ এর অফিসে অনুষ্ঠিত হবে। পরীক্ষার স্থান, তারিখ,দিন ও সময় মোবাইল ফোন অথবা এসএমএস এর মাধ্যমে জানানো হবে। পরীক্ষা কেন্দ্রে উপস্থিতির সময় পরীক্ষা ফি বাবদ ২০০/-টাকা জমা দিতে হবে। উল্লিখিত বিভাগ সমূহে নির্বাচনী (লিখিত ও মৌখিক) পরীক্ষা অনুষ্ঠিত হবে।

## সচেতনকরন:

বিজ এর সংশ্লিষ্ট অফিস ব্যতীত অন্য কোন ব্যক্তি, প্রতিষ্ঠানের সঙ্গে উল্লেখিত কাজের জন্য কোন প্রকার আর্থিক লেনদেন না করার জন্য সচেতন থাকতে পরামর্শ দেয়া হলো।

**https:// beesbd.org/full-time/**